**নবজাতক ও মাতৃমৃত্যু সম্পর্কিত প্রতিবেদন: সেপ্টেম্বর 2025**

2024 সালে আমরা স্বাধীন দুটি পর্যালোচনার দায়িত্ব দিই, যাতে 7টি মাতৃমৃত্যু (2017–2023) এবং 44টি নবজাতকের মৃত্যু (2020–2023) থেকে আরো কী শেখা যেতে পারে তা চিহ্নিত করা যায়।

## পর্যালোচনার পটভূমি

সাম্প্রতিক বছরগুলোতে, যুক্তরাজ্য জুড়ে, যার মধ্যে Gloucestershire-ও অন্তর্ভুক্ত, মাতৃত্বকালীন সেবা নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও পর্যালোচনা করা হয়েছে যাতে মানুষের সর্বোত্তম সেবা পাওয়া নিশ্চিত করা যায়।

- 2022 সালের এপ্রিলে কেয়ার কোয়ালিটি কমিশন (CQC) কর্তৃক পরিচালিত এক পরিদর্শনে আমাদের মাতৃত্বকালীন সেবাকে 'অপর্যাপ্ত' হিসেবে মূল্যায়ন করা হয় এবং সতর্কতামূলক নোটিশ জারি করা হয়। 2024 সালের মার্চে অনুষ্ঠিত ফলো-আপ পরিদর্শনে গ্লস্টারশায়ারের জন্য আরেকটি সতর্কতা জারি করা হয় এবং স্ট্রাউন্ড ম্যাটারনিটি ইউনিটকে 'উন্নতি করা আবশ্যক' রেটিং দেওয়া হয়।
- এছাড়া, 2024 সালের জানুয়ারিতে প্রচারিত একটি BBC Panorama প্রামাণ্যচিত্রে আমাদের ট্রাস্টের 2017 থেকে 2021 সালের মাতৃত্বকালীন সেবার ওপর উদ্বেগ প্রকাশ করা হয়, যেখানে কর্মীসংক্রান্ত চ্যালেঞ্জ ও পরিবার এবং কর্মীদের অভিজ্ঞতা তুলে ধরা হয়।

আমরা আমাদের পরিবার ও কর্মীদের কথা শুনেছি এবং এটি আমাদের মাতৃত্বকালীন সেবা উন্নত করতে গুরুত্বপূর্ণ অগ্রগতি সাধনে সহায়তা করেছে। তবে, আমাদের পরিবারকে সর্বোচ্চ মানসম্পন্ন ও নিরাপদ সেবা দেওয়ার জন্য আমরা সবকিছু করছি তা নিশ্চিত করতে, আমরা দুটি স্বাধীন পর্যালোচনার দায়িত্ব দিই, যাতে আরো শেখা যায় এবং উন্নতি করা প্রয়োজনী এমন জায়গাগুলো চিহ্নিত করা যায়।

## প্রতিবেদন

- নবজাতক মৃত্যুর পর্যালোচনা
- মাতৃমৃত্যুর পর্যালোচনা

আপনি যদি এই প্রতিবেদনগুলো অন্য কোনো ভাষায় পড়তে চান, তাহলে অনুগ্রহ করে আমাদের PALS টিমের সঙ্গে যোগাযোগ করুন

## পর্যালোচনার সংক্ষিপ্তসার

7টি মাতৃমৃত্যু (2017–2023) এবং 44টি নবজাতকের মৃত্যু (2020–2023) থেকে আরো কী শেখা যেতে পারে তা চিহ্নিত করার জন্য দুটি স্বাধীন পর্যালোচনার দায়িত্ব দেওয়া হয়েছিল। এই পর্যালোচনাগুলো আমরা 2025 সালের জুন ও জুলাই মাসে পেয়েছি এবং সংশ্লিষ্ট ব্যক্তি ও পরিবারগুলোর সঙ্গে মুখোমুখি সাক্ষাৎ ও চলমান সহায়তার মাধ্যমে যোগাযোগ চালিয়ে যাচ্ছি।

এই পর্যালোচনাগুলো কিছু পরিবারের ক্ষেত্রে আমাদের প্রদত্ত সেবায় ত্রুটির দিকগুলো চিহ্নিত করেছে, এবং এর জন্য আমরা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি। আমরা পরিবার ও কর্মীদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ যাতে তাদের কথা শুনতে পারি, বুঝতে পারি ও নিশ্চিত করতে পারি যে আমাদের সেবা প্রতিটি রোগীর জন্য নিরাপদ ও সহানুভূতিশীল।

আমরা ইতোমধ্যেই কোথায় উন্নয়ন করা হয়েছে এবং কোথায় আরো পদক্ষেপ নেওয়া প্রয়োজন তা চিহ্নিত করার জন্য একটি ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছি। উন্নয়নের বাকি ক্ষেত্রগুলো সমাধানের জন্য একটি দৃঢ় পরিকল্পনা কার্যকর রয়েছে। পাশাপাশি, এই প্রতিবেদনে যুক্ত পরিবারগুলোর সঙ্গে সম্পৃক্ত

থাকা আমাদের অগ্রাধিকার যাতে আমরা আমাদের ত্রুটি স্বীকার করতে পারি, তাদের অভিজ্ঞতা ও উদ্বেগ শুনতে পারি এবং তারা আমাদের নেওয়া পদক্ষেপগুলো সম্পর্কে আস্থা অনুভব করেন।

## মূল অগ্রগতিসমূহ

আমরা স্বীকার করি যে এখনও অনেক কিছু করার আছে, তবে আমরা মাতৃত্বকালীন সেবায় গুরুত্বপূর্ণ অগ্রগতি অর্জন করেছি, যার মধ্যে ধাত্রী ও প্রসূতি সম্পর্কিত কর্মী নিয়োগ, উন্নত প্রশাসন, মাতৃত্বকালীন চিকিৎসার নথিপত্রে ইলেকট্রনিক প্রবেশাধিকার এবং ঝুঁকি মূল্যায়নের উন্নতি অন্তর্ভুক্ত। সুনির্দিষ্ট উন্নয়নসমূহের মধ্যে রয়েছে:

- 2022 সালের এপ্রিল থেকে আমাদের পরিষেবায় 25 জন অতিরিক্ত ধাত্রী এবং 6 জন প্রসূতি বিশেষজ্ঞের সমতুল্য কর্মী নিয়োগসহ কর্মী সংখ্যা বৃদ্ধি করা হয়েছে
- নেতৃত্বের নতুন কাঠামো এবং শক্তিশালী প্রশাসন
- এজেন্সি কর্মীদের জন্য উন্নত প্রশিক্ষণ প্রক্রিয়া
- নারী ও পরিবারের জন্য মাতৃত্বকালীন চিকিৎসার নথিপত্রে ইলেকট্রনিক প্রবেশাধিকার
- ঝুঁকি মূল্যায়ন এবং জন্মের পর অনেক রক্তপাত কমানোর জন্য সর্বশেষ সেরা অনুশীলন অনুসরণ
- রক্ত জমাট বাঁধার ঝুঁকি মূল্যায়নের উন্নতি
- আমাদের অভ্যন্তরীণ “Freedom to Speak Up” সেবাকে শক্তিশালী করা
- পরিবার ও কর্মীদের জন্য বিভিন্ন ধরনের সহায়তা প্রদান

পর্যালোচনাগুলো সংশ্লিষ্ট ব্যক্তি ও পরিবারগুলোর সঙ্গে শেয়ার করা হয়েছে এবং তাদের প্রতিক্রিয়া আমাদের বোঝাপড়া ও কর্মপদ্ধতিকে প্রভাবিত করেছে। আমরা প্রতিটি কথোপকথন শোনা ও সেখান থেকে শেখা অব্যাহত রেখেছি; আমাদের কর্মীরা পরিবারগুলোর সঙ্গে হওয়া কথোপকথন থেকে শক্তিশালী কিছু চিন্তা শেয়ার করেছেন এবং আমরা স্বীকার করি যে প্রতিটি মিটিং নতুন নিতুন অন্তর্দৃষ্টি এনেছে এবং আমাদের সেবা উন্নত করতে সহায়তা করছে।

আমরা আমাদের Maternity and Neonatal Voices Partnership (MNVP) এবং স্থানীয় কমিউনিটির সঙ্গে মিলিতভাবে ভবিষ্যতের সেবা পরিকল্পনা ও তৈরি করছি। Integrated Care Board-এর নেতৃত্বে Health Needs Assessment-এর মধ্যে নারী, প্রসূতি, পরিবার, কর্মী ও কমিউনিটির অংশীদারদের সঙ্গে সম্পৃক্ততা অন্তর্ভুক্ত রয়েছে। এটি নিশ্চিত করে যে ভবিষ্যতের সেবা উন্নয়ন সকলের অভিজ্ঞতাকে প্রতিফলিত করবে এবং আমাদের স্থানীয় জনগোষ্ঠীর চাহিদা পূরণ করবে।

এই দুটি পর্যালোচনা আমাদের বোর্ড মিটিংয়ে 11 সেপ্টেম্বর 2025-এ Perinatal Mortality Review হিসেবে উপস্থাপন করা হবে এবং আমাদের Maternity Improvement ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আমরা স্বচ্ছতা, জবাবদিহিতা এবং ধারাবাহিক উন্নয়নের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা ইতোমধ্যেই বিভিন্নভাবে কাজ করছি এবং আমাদের নতুন ব্যবস্থাগুলো পরিবর্তন সাধন করছে, তবে এখনও আরো অনেক কিছুই করার আছে। আমরা আমাদের সেবা গঠনে পরিষেবা ব্যবহারকারী, তাদের পরিবার ও কর্মীদের কথা শোনা এবং তাদের সাথে জড়িত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

## সংজ্ঞাসমূহ

**মাতৃমৃত্যু**: মাতৃমৃত্যু হলো এমন একটি মৃত্যুর ঘটনা যেখানে কোনো নারী গর্ভাবস্থায় অথবা গর্ভাবস্থার শেষের 42 দিনের মধ্যে মৃত্যুবরণ করেন।

**নবজাতকের মৃত্যু**: নবজাতক মৃত্যু হলো এমন একটি শিশুর মৃত্যু, যে গর্ভাবস্থার যেকোনো সময় জন্মগ্রহণ করে ও কিছুকাল জীবিত থাকে, কিন্তু জন্মের 4 সপ্তাহের (28 দিন) মধ্যে মারা যায়।

- **অনুগ্রহ করে মনে রাখবেন** যে আমাদের নবজাতক পর্যালোচনায় কিছু ঘটনা অন্তর্ভুক্ত করা হয়েছে যা নবজাতক মৃত্যুর আনুষ্ঠানিক সংজ্ঞার বাইরে। এই বিস্তৃত ক্ষেত্রটি নির্বাচিত করা হয়েছে যাতে সম্ভাব্য যেকোনো শিক্ষা সঠিকভাবে সংগ্রহ ও প্রতিফলিত করা যায়

## মাতৃমৃত্যু পর্যালোচনা

স্বাধীন বহিরাগত পর্যালোচনায় আমাদের নিরাপত্তা সংক্রান্ত ঘটনা ব্যবস্থাপনার প্রক্রিয়াগুলো পর্যালোচনা করা হয়েছে এবং 2017 থেকে 2023 সালের মধ্যে ঘটে যাওয়া 7টি মাতৃমৃত্যু থেকে সকল প্রধান বিষয় ও শেখার সুযোগগুলো চিহ্নিত করা হয়েছে।

এই পর্যালোচনা কিছু সুপারিশ প্রদান করেছে, যার মধ্যে মাতৃত্বকালীন ক্লিনিকাল গভর্ন্যান্স সিস্টেম উন্নত করা অন্তর্ভুক্ত। এর মধ্যে অনেকগুলো ইতোমধ্যেই কার্যকর করা হয়েছে।

## সুপারিশ ও অগ্রগতি

### ভিনাস থ্রম্বোয়েম্বোলিজম (VTE): রক্ত জমাট বাঁধা প্রতিরোধ ও চিকিৎসা

- **সুপারিশ:** উচ্চ-ঝুঁকিপূর্ণ নারীদের যথাযথ চিকিৎসা ও পর্যবেক্ষণের জন্য সময়মতো রেফারাল নিশ্চিত করা, এবং ভবিষ্যতের গর্ভাবস্থার পরিকল্পনাগুলো ডকুমেন্ট করা ও অন্যান্য সেবা প্রদানকারীদের সঙ্গে শেয়ার করা।
- **অগ্রগতি:** গর্ভাবস্থা ও প্রসবোত্তর যত্নের সময় ঝুঁকি মূল্যায়ন করা হয়, এবং প্রয়োজনে ব্যক্তিগতভাবে উপযুক্ত প্রতিরোধমূলক চিকিৎসা সুপারিশ করা হয়। রোগীর নিরাপত্তা নিশ্চিত করতে কমপ্লায়েন্স পর্যবেক্ষণ করা হয়।

### প্রসূতির গুরুতর রক্তপাত: জন্মের পর রক্তপাত নিয়ন্ত্রণ

- **সুপারিশ:** জন্মের পর গুরুতর রক্তপাত কমানোর জন্য সর্বশেষ সেরা অনুশীলন অনুসরণ করা, যা বর্তমানে কার্যকর করা হয়েছে।
- **অগ্রগতি:** গুরুতর রক্তপাত কমানোর জন্য এখন সর্বশেষ জাতীয় সেরা অনুশীলন ব্যবহার করা হচ্ছে। এটি ঝুঁকিপূর্ণ মহিলাদের শনাক্ত করে, রক্তক্ষরণের পরিমাণ ধারাবাহিকভাবে মাপার সুযোগ দেয় এবং দ্রুত প্রতিক্রিয়া প্রদানে সহায়তা করে, যা রক্ত দেওয়া ও দীর্ঘকাল হাসপাতাল থাকার প্রয়োজন কমাতে সাহায্য করে।

### দেশ জুড়ে গর্ভাবস্থার পরিচর্যা

- **সুপারিশ:** চিকিৎসা সংক্রান্ত পূর্ববর্তী সমস্যা রয়েছে বা সামাজিক কারণে গর্ভাবস্থার উপর প্রভাব পড়তে পারে এমন যেকোনো গর্ভবতী নারীর সময়মতো ও কার্যকরী পরিচর্যা পাওয়া এবং পরিচর্যা প্রদানকারীদের মধ্যে তথ্য শেয়ার করার বিষয়টি উন্নত করা নিশ্চিত করুন।
- **অগ্রগতি:** চিকিৎসা সংক্রান্ত বা সামাজিক ঝুঁকি থাকা গর্ভবতী নারীদের সময়মতো ও ব্যক্তিগতভাবে উপযুক্ত পরিচর্যা প্রদান করা হয় এবং পরিচর্যা প্রদানকারীদের মধ্যে তথ্য শেয়ারিং উন্নত করা হয়, যাতে নিরাপদ ফলাফল নিশ্চিত করা যায়।

## নবজাতক মৃত্যুর পর্যালোচনা

বহিরাগত পর্যালোচনায় 2020 থেকে 2023 সালের মধ্যে ঘটে যাওয়া 44টি নবজাতকের মৃত্যুর প্রধান বিষয় ও শেখার সুযোগগুলো বিশ্লেষণ করা হয়েছে। যুক্তরাজ্যে গর্ভাবস্থায় বা প্রসবের পর মারা যাওয়া নারী ও শিশুদের মৃত্যুর তদন্ত করা প্রতিষ্ঠান MBBRACE-এর তথ্য অনুযায়ী এই সময়ে ট্রাস্টের মৃত্যুহার ইংল্যান্ডের গড়ের চেয়ে কম ছিল এবং বছরে 4,000-এর বেশি প্রসব হয় এমন অন্যান্য ম্যাটারনিটি ইউনিটের সমান পর্যায়ে ছিল।

অনেকগুলো সুপারিশের পাশাপাশি, পর্যালোচনায় দেখা গেছে যে এই মৃত্যুগুলোর মধ্যে 9টিতে সেবায় এমন কিছু সুযোগ হারানো হয়েছে, যা কাজে লাগানো হলে শিশুর ফলাফল ভিন্ন হতে পারত।

## সুপারিশ ও অগ্রগতি

### ক্লিনিক্যাল গভর্নেন্স ও ডকুমেন্টেশন উন্নত করা

- **সুপারিশ:** সব মাতৃত্বকালীন সেবায় একটি ইলেকট্রনিক পেশেন্ট রেকর্ড (EPR) চালু করা।
- **অগ্রগতি:** মাতৃত্বসেবায় একটি ডিজিটাল ইলেকট্রনিক পেশেন্ট রেকর্ড চালু হয়েছে এবং এটি নবজাতক সেবার জন্যও বিবেচনা করা হচ্ছে।
- **সুপারিশ:** ভ্রূণ পর্যবেক্ষণ, ঝুঁকি মূল্যায়ন এবং ধূমপান ত্যাগে রোগীরা নির্দেশনা মানছে কি না এসব বিষয় নিয়ে রিয়েল-টাইমে নিরীক্ষার ড্যাশবোর্ড চালু করা।
- **অগ্রগতি:** এসব ক্ষেত্রে আমাদের ড্যাশবোর্ড চালু রয়েছে এবং কমপ্লায়েন্স নিয়মিতভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।
- **সুপারিশ:** প্রসবকালীন মৃত্যু পর্যালোচনায় বহিরাগত তদারকি বাধ্যতামূলক করা
- **অগ্রগতি:** আমরা বহিরাগত সদস্য অন্তর্ভুক্ত করেছি যারা আমাদের পর্যালোচনায় অংশ গ্রহণ করেন।

### গর্ভকালীন ঝুঁকি মূল্যায়ন এবং প্রি-টার্ম জন্মের পথনির্দেশনা উন্নতকরণ

- **সুপারিশ:** স্পষ্ট রেফারেল মানদণ্ডসহ একটি বিশেষ প্রি-টার্ম বার্থ ক্লিনিক স্থাপন করা
- **অগ্রগতি:** 2022 সাল থেকে আমাদের একটি প্রি-টার্ম বার্থ সার্ভিস চালু রয়েছে।
- **সুপারিশ:** সকল নারীর জন্য কাঠামোবদ্ধ নবজাতক বিষয়ক পরামর্শ বাধ্যতামূলক করা
- **অগ্রগতি:** আমরা নবজাতক বিষয়ক পরামর্শের জন্য নির্দিষ্ট প্রক্রিয়া চালু করেছি।
- **সুপারিশ:** একটি আনুষ্ঠানিক in-utero transfer (IUT) সিদ্ধান্ত গ্রহণের প্রোটোকল তৈরি করা।
- **অগ্রগতি:** আমরা একটি নতুন আঞ্চলিক সিস্টেম পরীক্ষামূলকভাবে চালু করেছি এবং আশা করা হচ্ছে এটি আমাদের প্রক্রিয়াগুলোকে আরো উন্নত করবে।

### প্রসবকালীন ও নবজাতকের সেবা প্রদানে কমপ্লায়েন্স জোরদারকরণ

- **সুপারিশ:** বহুবিধ বিশেষজ্ঞের সমন্বয়ে বার্ষিক কার্ডিওটোকোগ্রাফি (CTG) প্রশিক্ষণ ও দক্ষতা মূল্যায়ন বাধ্যতামূলক করা
- **অগ্রগতি:** আমরা CTG প্রশিক্ষণ বাধ্যতামূলক করেছি এবং অধিকাংশ কর্মী এই প্রশিক্ষণে অংশগ্রহণ করছেন, যা জাতীয় দক্ষতার মান অনুযায়ী পরিচালিত হচ্ছে।

- **সুপারিশ:** ক্যাটাগরি 1 ও 2 সিজারিয়ান সেকশনের জন্য সিদ্ধান্ত নেওয়ার সহায়ক টুল উন্নত করা
- **অগ্রগতি:** আমরা সেবার জন্য সম্ভাব্য বিকল্পগুলো চিহ্নিত করতে বিদ্যমান টুলগুলো পর্যালোচনা করছি।
- **সুপারিশ:** প্রসবকালীন সকল ক্ষেত্রে নতুন দৃষ্টিভঙ্গি দ্বারা পর্যালোচনা এবং ঘটনার রিয়েল-টাইম ডকুমেন্টশন বাধ্যতামূলক করা
- **অগ্রগতি:** আমরা প্রতি ঘণ্টায় পর্যালোচনা চালু করেছি এবং এটি ঠিকভাবে ও নিয়মিতভাবে সম্পন্ন করা হচ্ছে।
- **সুপারিশ:** নবজাতকের পুনরুজ্জীবনের (Resuscitation ) ডকুমেন্টেশন কাঠামোবদ্ধ টেমপ্লেটের মাধ্যমে প্রমিত করা
- **অগ্রগতি**: আমাদের ডিজিটাল EPR এবং কাগজের রেকর্ডে প্রমিত টেমপ্লেট ব্যবহার করা হচ্ছে।

## নিওনেটাল ফলো-আপের জন্য প্রসব-পরবর্তী নিরাপত্তা জোরদারকরণ

- **সুপারিশ:** কমিউনিটিতে অসুস্থ নবজাতকের জন্য একটি রেফারেল পথনির্দেশনা তৈরি করা
- **অগ্রগতি:** আমাদের একটি স্পষ্ট রেফারেল পথনির্দেশনা রয়েছে এবং আমরা আমাদের কর্মীদের মধ্যে এর সচেতনতা বাড়ানোর জন্য শিক্ষা সেশন পরিচালনা করছি।

## মৃত্যুর পর্যালোচনা থেকে শেখা এবং বহিরাগত তুলনামূলক বিশ্লেষণ জোরদারকরণ

- **সুপারিশ:** নিশ্চিত করা যে সব Perinatal Mortality Tool (PMRT)-এর কর্মপরিকল্পনা সময়সীমা-নির্দিষ্ট, পরিমাপযোগ্য ও বহিরাগতভাবে পর্যালোচিত।
- **অগ্রগতি:** আমরা আমাদের প্রক্রিয়াগুলো আরো শক্তিশালী করেছি এবং সেগুলো আমাদের ডিজিটাল নিরাপত্তা সিস্টেমের (Datix) মাধ্যমে ট্র্যাক করব। আমাদের ট্রাস্টের Safety and Experience Review Group (SERG)-এ LMNS ও ICB-এর প্রতিনিধিরা উপস্থিত থাকেন।
- **সুপারিশ:** প্রসবকালীন সুরক্ষা উন্নতির জন্য জাতীয় MBRRACE ডেটার সঙ্গে তুলনামূলক বিশ্লেষণ (benchmarking) কার্যকর করা
- **অগ্রগতি:** আমরা নিয়মিত তুলনামূলক বিশ্লেষণ করি এবং একটি Perinatal Transformation Programme পরিচালনা করছি।

## সাহায্য এবং সহায়তা

যদি আপনার প্রশ্নের উত্তর না মেলে বা আপনি আরও সহায়তা চান, তাহলে আপনি যা করতে পারেন তা হলো:

- আপনার জন্য নিয়োগকৃত ধাত্রীর সঙ্গে কথা বলতে পারেন
- আমাদের **Patient Advice and Liaison Service (PALS)**-এর সঙ্গে ফোনে যোগাযোগ করতে পারেন: 0800 019 3282। এই সাপোর্ট লাইন সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে বিকেল 3টা পর্যন্ত খোলা থাকে। যদি আপনি এই সময়ের মধ্যে কল করেন এবং বার্তা জমা রাখতে হয় তাহলে এক ঘণ্টার মধ্যে আপনাকে কলব্যাক করা হবে; যদি এই সময়ের পরে কল করেন, তাহলে দলের একজন সদস্য পরের দিন সকাল 9টার মধ্যে আপনাকে কলব্যাক করবেন। যদি

আপনি ইমেইলের মাধ্যমে যোগাযোগ করতে চান এবং একটি মিটিং আয়োজন করতে চান, তবে PALS-এর ইমেইল ঠিকানা হলো: ghn-tr.pals.gloshospitals@nhs.net।

- গ্লস্টারশায়ার Maternity and Neonatal Voices Partnership-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন: www.glosmaternityvoices.nhs.uk।
- আমাদের ওয়েবপেজে আরো অনেক সাপোর্ট সংস্থার তথ্য রয়েছে।